**Bhavan's Tripura Vidyamandir**

Pre-board Examination: (2024-2025)

**Class:- 12** | **Subject:- Bengali**

Time:- 3 Hours | Total :- 80 Marks

Name of the student: | Roll: Stream:

---

**SECTION-A(Reading)-Comprehension**

**১. নিচের অনুচ্ছেদ দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে লিখো।** **২(১X৫)=১০**

(ক) হঠাৎ বেকার হয়ে গিয়েছিল ননীগোপাল। তবু সে নিজের উপর, জীবনের উপর বিশ্বাস হারায়নি। সে বিশ্বাস করেছিল বাঁচতে চাইলে বাঁচবার পথ সে পাবে। কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের ধর্মঘটে যোগ না দিয়েও সে ছাটাই হয়ে গেল। এ ছাঁটাই এর পেছনে তার রাজনৈতিক কার্যকলাপের কোন ভূমিকা ছিল না, থাকতে পারতো না। কেননা গোপাল কোনদিন রাজনীতি করেনি। পোস্টাল অডিটের অফিস থেকে সে ছাটাই হল কেননা তার পদটা ছিল নেহাতই অস্থায়ী। ননীগোপাল সে কথা জানতো। তবু নেহাত অস্থায়ী এই পদটাকে কর্তৃপক্ষ কয়েক বছর রেখেছিল।তাই তার মনে এমন আশা ও জেগেছিল যে এই চাকরিটা হয়তো পাকা হয়ে যাবে। তা হলো না। আর সে ছাটাই হল এমন সময়ে যখন ধর্মঘটের উৎসাহী কেরানিরা একজন দুজন করে চাকরি হারাচ্ছে।

অ. ননীগোপাল এর জীবনে হঠাৎ কি হয়েছিল?

১. বেকারত্ব এসেছিল ২. বিশ্বাস হারিয়ে গিয়েছিল

৩. আন্দোলন শুরু হয়েছিল ৪. চাকরিটি পাকা হয়েছিল

আ. ননী গোপাল বাবুর মনে কি আশা ছিল?

১. চাকরিটি পাকা হয়ে যাবে। ২. আন্দোলনে চাকরিটি থাকবে না।

৩. রাজনীতি করলে চাকরি থাকবে। ৪. পোস্টাল অফিস থেকে ছাটাই হবে।

ই. ননীগোপাল কি বিশ্বাস করেছিল?

১. চাকরি গেলে চাকরি পাবে ২. বাঁচতে চাইলে বাঁচবার পথ রয়েছে

৩. জীবনটা দুদিনের ৪. জীবনের উপর বিশ্বাস

ঈ. ননীগোপাল বাবুর চাকরি গিয়েছিল। কারণ

মন্তব্য (ক) তিনি রাজনৈতিক আন্দোলনে যুক্ত ছিলেন।

মন্তব্য (খ) অফিসে তারপর পদটা ছিল অস্থায়ী।

১. মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ )ভুল। ২. মন্তব্য(ক )ভুল কিন্তু মন্তব্য (খ )সঠিক।

৩. মন্তব্য (ক)এবং মন্তব্য(খ) দুটোই সঠিক। ৪. মন্তব্য (ক )এবং মন্তব্য (খ) দুটোই ভুল।

উ. ধর্মঘট শব্দের অর্থ হল-

১. হরতাল ২. বন্ধ ৩. খোলা ৪. চালানো

(খ) কী ভাবে স্বামীজি আর্ত আতুরের সেবায় আদর্শ স্থাপন করেছিলেন একটি ঘটনা থেকেই তা বোঝা যায়। কলকাতায় যখন ভয়ানক ভাবে প্লেগ রোগের প্রাদুর্ভাব হয়েছিল দুরন্ত কালব্যাধি ভীষণ মূর্তি ধারণ করে লোক ক্ষয় করছিল, তখন তিনি নিজের ভগ্নস্বাস্থ্য উদ্ধারের জন্য দার্জিলিংয়ে ছিলেন। কলকাতার সংবাদ পাওয়া মাত্র তিনি স্থির থাকতে পারলেন না। পড়ে থাকলো তার নিজের স্বাস্থ্য রক্ষার কথা। আর্ত আতুরের দরদী বন্ধু এই মহাপ্রাণ সন্ন্যাসী অবিলম্বে দার্জিলিং থেকে ফিরে এলেন এবং সঙ্গে সঙ্গে রোগীদের সেবায় আত্মনিয়োগ করলেন। সেই সময়ে দলে দলে লোক কলকাতা ছেড়ে যাচ্ছিল। আর তিনি নিরাপদ স্থান থেকে সংক্রমণ ব্যাধির কেন্দ্রে উপস্থিত হয়ে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করে ব্যাধির বিরুদ্ধে সংগ্রাম করতে লাগলেন। এই সময় কেউ কেউ তাঁকে জিজ্ঞাসা করল- "এই কাজের জন্য যে অর্থের দরকার হবে, তা কোথায় পাওয়া যাবে?" স্বামীজি তৎক্ষণাৎ উত্তর দিলেন যদি দরকার হয় মঠের জন্য নতুন জমি বিক্রি করব। সহস্র ব্যক্তি আমাদের চোখের সামনে যন্ত্রনা ভোগ করবে আর আমরা মঠ করব। আমরা সন্ন্যাসী। না হয় পূর্বের মতো আবার আমরা তরুতলে বাস করব, ভিক্ষায় উদরপূর্ণ করব, কিন্তু জনসেবা করে যাব। আনন্দের কথা যে সেই মঠের জমি বিক্রি করতে হলো না।

অ. দুরন্ত কাল ব্যাধি বলতে কোন রোগের কথা বলা হয়েছে

১. টাইফয়েড ২. ভগ্ন স্বাস্থ্য ৩. প্লেগ ৪. ডায়রিয়া

আ. স্বামীজি দার্জিলিঙে গিয়েছিলেন কেন

১.ভ্রমনের জন্য ২. প্লেগরোগ থেকে রক্ষা পেতে

৩. ভগ্ন স্বাস্থ্য উদ্ধারের জন্য ৪. মঠের কাজে

ই. স্বামীজি কেন নতুন জমি বিক্রি সিদ্ধান্ত নিয়েছিলেন

১. ভ্রমণের জন্য ২. আর্ত আতুরের সেবার জন্য

৩. চিকিৎসার জন্য ৪. উদরপূর্ণ করার জন্য

ঈ. স্বামীজি বললেন - যদি দরকার হয় মঠের জমি বিক্রি করব। কারণ
মন্তব্য (ক) স্বামীজি ছিলেন সন্ন্যাসী
মন্তব্য (খ) সন্ন্যাসীরা তরুতলে বাস করে, ভিক্ষা করে উদর পূর্ণ করলেও জনসেবা করে যায়।
ক) মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ )ভুল। খ) মন্তব্য(ক )ভুল কিন্তু মন্তব্য (খ )সঠিক।
গ) মন্তব্য (ক)এবং মন্তব্য(খ) দুটোই সঠিক। ঘ) মন্তব্য (ক )এবং মন্তব্য (খ) দুটোই ভুল।

উ. বিক্রি শব্দের সমার্থক শব্দ কি হবে?-
১. বেঁচে দেওয়া ২. কিছু কেনা ৩. স্বীকার করা ৪.অস্বীকার করা

## SECTION-B (GRAMMAR)

২. নিচের ব্যাকরণগত প্রশ্নগুলি পড়ে সঠিক উত্তরটি বেছে লিখ:(যে কোন পাঁচটি)। ১X৫=৫

ক. অপিনিহিতির উদাহরণটি হল
১. বাক্য >বাইক্ষ ২. দিশ> দিশা ৩.ভক্তি> ভক্ত ৪. কাব্য>কাইব্ব

খ. কাল>কাইল উদ্ধৃত উদাহরণটি কোন ধ্বনিতত্ত্বের অন্তর্গত-
১. অপিনিহিতি ২. অভিশ্রুতি ৩.স্বরসঙ্গতি ৪.স্বরভক্তি

গ. 'সম্বল ' শব্দটির পরিবর্তিত অর্থ অবলম্বন। এটি শব্দার্থতত্ত্বের যে ধারার অন্তর্গত-
১. অর্থের উৎকর্ষ ২.অর্থের অপকর্ষ ৩.অর্থের প্রসারণ ৪.অর্থের সংকোচন

ঘ. দেশি>দিশি উদাহরণটি যে ধ্বনিতত্ত্বের অন্তর্গত-
১. অপিনিহিতি ২. স্বরসঙ্গতি ৩.অভিশ্রুতি ৪.স্বরভক্তি

ঙ. 'ঠাকুর' শব্দটির পরিবর্তিত অর্থ রান্নার লোক। এটি শব্দার্থতত্ত্বের যে ধারার অন্তর্গত-
১. অর্থের উৎকর্ষ ২.অর্থের অপকর্ষ ৩.অর্থের প্রসারণ ৪.অর্থের সংকোচন

চ. 'অন্ন' শব্দটির পরিবর্তিত অর্থ ভাত। এটি শব্দার্থতত্ত্বের যে ধারার অন্তর্গত-
১. অর্থের উৎকর্ষ ২.অর্থের অপকর্ষ ৩.অর্থের প্রসারণ ৪.অর্থের সংকোচন

## PART-B: DESCRIPTIVE QUESTIONS

৩.ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত সূত্র গুলোর যেকোনো একটির দুটি করে উদাহরণসহ সংজ্ঞা লেখ। ৪X১=৪
অভিশ্রুতি, অপিনিহিতি

৪. শব্দার্থ তত্ত্বের নিম্নলিখিত সূত্র গুলোর যেকোনো একটির দুটি করে উদাহরণসহ সংজ্ঞা লেখ। ৪X১=৪
শব্দের উৎকর্ষ, শব্দার্থ প্রসারন

## SECTION-C (LITERATURE)

**৫. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ (যেকোনো পাঁচটি) ১X৫=৫**

ক. রজনী বাবু কিসের নেশা করতেন
১. নাটক ২. পান ৩. তাড়ি ৪. ধেনো

খ. রজনীবাবু কত বছর ধরে থিয়েটার জগৎ এ আছেন?
১. ৫৮ বছর ২. ৬৮ বছর ৩. ৬৩ বছর ৪. ৪৫ বছর

গ. কালীনাথ রজনীবাবুর সঙ্গে কোন চরিত্রে অভিনয় করেছিলেন?-
১. ঔরঙ্গজেব ২. মহম্মদ ৩. দিলদার ৪.পুলিশ

ঘ. কালীনাথ এর বয়স কত?
১. ৪৫ বছর ২.৪০ বছর ৩. ৬৮বছর ৪.৬০ বছর

ঙ. আজকের শোতে রজনীবাবু কটা ক্ল্যাপ পেয়েছিল
১. ১১টি ২. ৪টি ৩. ৫টি ৪.৭ টি

চ. রজনীবাবু নাটকের কোন সিনে play করেন না-
১. প্রথম সিনে ২. লাস্ট সিনে ৩.কালো সিনে ৪. ট্রাজিক সিনে

**৬. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যেকোনো পাঁচটি) ১X৫=৫**

ক. গারোরা বলে 'হাজং';এর অর্থ কি-
১. তেজারতি ২.জাতে নিচু ৩.জাতে ছোটো ৪.চাষের পোকা

খ. বালতোড়িয়া খাদে মুন্সির লাঠিতে মারা গিয়েছিল যে হলেজ খালাসি-
১. কেষ্ট তেলি ২. ত্রিভঙ্গ রায় ৩. পিট সরকার ৪. ঠঠিকেদা

গ. সাহেবগঞ্জ থেকে ট্রেন বদলিয়ে-
১. বর্ধমান ২. সকরিগলি ঘাট ৩. দশমি ঘাট ৪.নৈহাটি ঘাট

ঘ. চায়ের দোকানে চায়ের দাম ছিল-
১.তিন আনা ২.দুই টাকা ৩.দুই আনা ৪.দুই পয়সা

ঙ. জেলখানার আইনে কীসের অনুমতি নেই-

১. ঘড়ি রাখার  ২.বই রাখার  ৩.পয়সা রাখার  ৪.খাবার রাখার

চ. গারো পাহাড়ের নীচে কোন পরগনা?

১. ফেরিঘাট  ২. কলকাতা  ৩. সুসং  ৪ .সোমেশ্বরী

<u>নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।</u>

৭."মারতে মারতে উৎসবকে ওরা থানায় নিয়ে যায়"-কারা কেন উৎসবকে মারতে মারতে থানায় নিয়ে যায় 'ভাত' গল্প অবলম্বনে আলোচনা কর। (২+৩)X১=৫

অথবা

"শেষ রোদের আলোয় সে দূরের দিকে ক্রমশ আবছা হয়ে গেল"- কার কথা বলা হয়েছে? সে ক্রমশ আবছা হয়ে গেল কেন?

৮. দীর্ঘদিন ভাত না খাওয়া উচ্ছব কিভাবে এক হাড়ি ভাত জোগাড় করেছিল তা লিখ? ২

৯. "আমি কি তা দেখতে পাচ্ছিস নে?"- কি প্রসঙ্গে বক্তা এই কথা বলেছেন? ২

১০. "নদীতে ফেলে দিয়ে আসো"—কাকে, কে নদীতে ফেলে দিয়ে আসার কথা বলেছে গল্প অবলম্বনে লেখ। ৩

অথবা

হঠাৎ বিকেলে যে অদ্ভুত দৃশ্য দেখা গেল সেই বিষয়ে আলোচনা কর। ৩

১১."আমৃত্যু দুঃখের তপস্যা এই জীবন"-মানুষের জীবন কিরূপ? আমৃত্যু দুঃখের তপস্যা বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? (২+৩)X১=৫

অথবা

"আমি কি তাকাবো আকাশের দিকে"-আমি বলতে কার কথা বলা হয়েছে?কখন আকাশের দিকে তাকানোর কথা আছে? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ কর। (২+৩)X১=৫

১২.<u>স্বপ্রসঙ্গ ব্যাখ্যা করে লেখ।</u> ৫X১=৫

মৃত্যু তে সকল দেনা শোধ করে দিতে।

অথবা

আমার বিবেক আমার বারুদ/বিস্ফোরণের আগে

১৩) "তখনই ভয়ে যেন বুকের ভেতরটা হিম হয়ে আসে আমার"- এখানে কার কথা বলে হয়েছে? বক্তার কখন এই পরিস্থিতি হয়? এই পরিস্থিতির জন্য বক্তা কতদূর দায়ী? (২+৩)X১=৫

অথবা

"আর জীবনের ভোর নেই,সকাল নেই,দুপুর নেই সন্ধেও ফুরিয়েছে-এখন শুধু মাঝ রাত্তিরের অপেক্ষা- এখানেই গল্প শেষ" -বক্তা কে?বক্তা কিভাবে জীবনের এই সত্যে উপনীত হলেন? (২+৩)X১=৫

১৪. "ছোট কল্কেয় চোখ রাঙিয়ে সাধু চরণ সেদিকে তাকায় আর হাসে"- সাধুচরন কি দেখে হেসেছে?সাধুচরনের সংক্ষিপ্ত পরিচয় দাও। (২+৩)X১=৫

অথবা

"আইনে নেই বলে টাকা রাখবার মজার কল করেছে এরা"- তারা বলতে কাদের কথা বলা হয়েছে? কিভাবে টাকা রাখার কল বানাত তারা আলোচনা কর।

১৫." এত ফসল এত প্রাচুর্য তবু কিন্তু মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই"- কোন মানুষগুলোর কথা এখানে বলা হয়েছে? কেন তাদের জীবনে শান্তি নেই? (২+৩)X১=৫

অথবা

"জানোয়ারের চেয়েও বেশি হিংস্র এরা"-কাদের জানোয়ারদের চেয়েও বেশি হিংস্র বলা হয়েছে? এদের হিংস্র বলার কারণ ব্যাখ্যা কর।

১৬. "এরা সব সাধুচরনের অতীত"-কারা? এদের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২

১৭. "তাই প্রজারা বিদ্রোহী হয়ে উঠলো"- প্রজাদের বিদ্রোহী হয়ে ওঠার কারণ কি? ২

## SECTION-D (Creative Writing)

১৮. <u>নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও।</u> (২+৪)X১=৬

মাকে মানসিক হাসপাতালে ভর্তি করে দায় সেরেছিল একমাত্র সন্তান। মায়ের আর কোন খবরই রাখত না সে। টানা চিকিৎসার পর ডাক্তার যখন এই প্রৌঢ়াকে সুস্থ বলে ছাড়পত্র দিলেন, তখন ছেলে জানিয়ে দিল মাকে বাড়ি ফিরিয়ে নেওয়া তার পক্ষে সম্ভব নয়। হাসপাতালের চার দেওয়ালের মধ্যে ছিলেন সেই সুস্থ মহিলা। শেষে বাড়ি নিয়ে যেতে উদযোগী হলেন তার দাদা। হাসপাতাল তাতে নারাজ, কর্তৃপক্ষের যুক্তি যিনি হাসপাতালে ভর্তি করেছিলেন তিনি তাকে বাড়ি নিয়ে যাবেন। অন্য কারো সঙ্গে তাকে ছাড়া হবে না।

মোহনপুর মানসিক হাসপাতালের এই ঘটনা নিয়ে স্বাস্থ্য ভবন তোলপাড়। একদিকে যখন মানসিক হাসপাতালে রোগীদের উপচে পড়া ভিড়, তখন হাসপাতাল কর্তৃপক্ষের অনমনীয় মনোভাব।স্বাস্থ্যকর্তাদের হস্তক্ষেপে শেষ পর্যন্ত মহিলা সুস্থ হয়ে বাড়ি ফিরে গেল কিন্তু এখনো হাসপাতালে অনেক মানুষ বাড়ি ফিরে যাবার অপেক্ষায় রয়ে গেছে।

ক. প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

খ. আলোচ্য অংশটির মূল বক্তব্যের উপর আলোকপাত কর।